প্রিয় OSS পরিবার,

আমরা যদিও গত সপ্তাহে এটি জানিয়ে দিয়েছি, তবে আপনি যদি কোনোভাবে এটি মিস করে থাকেন তাহলে আগামী সপ্তাহে আপনার সন্তান ব্যক্তিগত ভাবে শিক্ষা লাভের জন্য ফিরে এলে আপনি আগামী সপ্তাহে এগুলি প্রত্যাশা করতে পারেন।

ব্যক্তিগত ভাবে শিক্ষা প্রদানকারী গোষ্ঠী

আমরা পূর্বের পারিবারিক যোগাযোগের আপডেটে উল্লেখ করেছিলাম যে, আপনার সন্তানের ইন-পার্সন বিশেষ শিক্ষা বিষয়ক শিক্ষক, সাধারণ শিক্ষা বিষয়ক শিক্ষক এবং এই সম্পর্কিত পরিষেবা সরবরাহকারী আপনার সন্তানের দূরবর্তী শিক্ষা বিষয়ক শিক্ষক এবং সরবরাহকারীদের থেকে পৃথক হতে পারে। ব্যক্তিগতভাবে শিক্ষার সময় স্টাফিং বদল হতে পারে, কারণ ক্রমবর্ধমান সাম্প্রতিক পরিস্থিতির ফলে কর্মী সদস্যদের অনুপস্থিতির ছুটি নিতে হতে পারে বা তাদের দূরবর্তী শিক্ষা প্রদানের জন্য স্থানান্তরিত করা হতে পারে। আমাদের ডিসট্রিক্ট আপনাকে ব্যক্তিগতভাবে শিক্ষা লাভ শুরুর আগে আপনার সন্তানকে ব্যক্তিগত শিক্ষণ দল সরবরাহ করার যথাসাধ্য চেষ্টা করছে।

পুশ-ইন/পুল-আউট (ম্যাসাচুসেটস প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে, ৯ই জুলাই মেমো: শরৎকাল ২০২০ বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কিত নির্দেশিকা

কোনও শ্রেণীকক্ষে শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্কদের শারীরিক দূরত্বের প্রয়োজনীয়তার জন্য পরিকল্পনা করার সময়, স্কুল এবং ডিসট্রিক্টগুলির অতিরিক্ত বিশেষ শিক্ষক এবং সংশ্লিষ্ট পরিষেবা সরবরাহকারীদের কথা বিচার করা উচিত যাদের বিদ্যালয়ে সমগ্র দিন জুড়ে ন্যূনতম বিধিনিষেধযুক্ত পরিবেশে প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবা প্রদানের জন্য শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে। যেমন, CPS নিম্নলিখিতগুলি পালন করবে:

- প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ক্লাসরুমের অ্যাসাইনমেন্ট এবং পরিষেবা বিতরণের সময়সূচী তৈরি করা যাতে তারা এই মুহূর্তের স্বাস্থ্য এবং সুরক্ষা সম্পর্কিত যাবতীয় প্রোটোকল বজায় রাখার সঙ্গে সঙ্গে, ন্যূনতম বিধিনিষেধযুক্ত পরিবেশে তাদের IEP-গুলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পরিষেবাগুলি গ্রহণ করে। এর অর্থ হল যে কোনও বিশেষ শিক্ষা বিষয়ক শিক্ষক বা সংশ্লিষ্ট পরিষেবা সরবরাহকারী শ্রেণীকক্ষে পরিষেবা প্রদানের জন্য শ্রেণীকক্ষে না এসে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিল্ডিংয়ের মধ্যে থেকেই দূরবর্তীভাবে পরিষেবা সরবরাহ করতে পারেন। এটি অ্যাক্সেস প্রদানের সময় এবং বাইরে ও ভিতরে বেশি মানুষের আনাগোনা হ্রাস করতে সহায়তা করবে (পৃঃ ৭)।
- ছাত্রছাত্রীরা যদি কোন কারণবশতঃ ভিডিও কনফারেন্সের মাধ্যমে দূর থেকে পরিষেবাগুলি গ্রহণ করতে সক্ষম না হয় করার তবে অন্যান্য বিকল্পগুলি বিবেচনা করা প্রয়োজন। শ্রেণিকক্ষের ব্যবস্থাটি নির্ধারণ করার সময়, শারীরিক দূরত্বের প্রয়োজনীয়তাগুলি পালন করার জন্য স্কুল এবং জেলাগুলিকে অতিরিক্ত বিশেষ শিক্ষাবিদ এবং সংশ্লিষ্ট পরিষেবা সরবরাহকারীদের উপর গুরুত্ব প্রদান করা উচিত যাদের ন্যূনতম বিধিনিষেধযুক্ত পরিবেশে প্রতিবন্ধী শিশুদের পরিষেবা প্রদানের জন্য শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে। প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা দিনের বেশিরভাগ সময় এক শ্রেণিকক্ষেই থাকতে হবে বলে বিভাগের নির্দেশিকার আলোকে, ডিসট্রিক্টগুলি স্বাস্থ্য ও সুরক্ষা নির্দেশিকা অনুসারে পুল-আউট পরিষেবাদি দেওয়া যেতে পারে কি না বা তার পরিবর্তে পরিষেবাগুলিকে শ্রেণীকক্ষেই প্রদান করা উচিত হবে কি না তা বিবেচনা করতে পারে (পৃষ্ঠা ১২)।

মাস্ক পরিধান

পাবলিক প্লেসে থাকাকালীন সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করার জন্য মাস্ক পরাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে, আমরা জানি যে কিছু শিক্ষার্থীর পক্ষে, পূর্ববর্তী বিশেষ কিছু পরিস্থিতির কারণে বা সন্তানের অক্ষমতার ফলে মুখোশ পরা সম্ভব হয় না। যদি এরকম কিছু হয় তবে আগামী বুধবারের মধ্যে আপনার সন্তানের কেস ম্যানেজারকে বিষয়টি সম্পর্কে অবহিত করুন। যদি কোনও শিশু মাস্ক পরতে না পারে তবে একটি ফেস শিল্ড পরাবার চেষ্টা করা হবে। **দয়া করে মাস্কের জন্য প্রয়োজনীয় বিষয় এবং টিপস সম্পর্কিত নথিটি দেখুন যা সংযুক্ত করা হয়েছে অথবা এই লিঙ্কটি ব্যবহার করুন** এখানে**।**

আপনার শিশুকে মাস্ক পরার বিষয়ে উত্সাহিত করার জন্য, আমরা আমাদের আচরণগত বিশেষজ্ঞদের একজন, ক্যাটলিন বারলো দ্বারা গঠিত নিম্নলিখিত সংস্থানগুলি সরবরাহ করেছি: কীভাবে আপনার শিশুকে মাস্ক পরে থাকা সহ্য করাবেন (গুগল স্লাইডস) ভিডিওটি দেখুন

শিক্ষার্থীদের সকলের সঙ্গে ব্যবহার করা উপকরণ (খেলনা, বই, সরঞ্জাম)

যে শিক্ষার্থীরা একই ক্লাসরুমে বা দলবদ্ধ ভাবে থাকে তারা উপকরণ ব্যবহারের আগে এবং পরে যতক্ষণ না হাত ধুয়ে নেওয়া যায় ততক্ষণ এক সেট উপকরণ ভাগ করে নিতে পারে। কোনও শিক্ষার্থী যদি খেলনা, বই বা শ্রেণিকক্ষের সকলের সঙ্গে ভাগ করে নেওয়া অন্যান্য উপকরণগুলি মুখে দিয়ে ফেলে বা হাঁচি দেয় তবে কোনও কর্মী সদস্য ডিসট্রিক্টের অধিগ্রহণকৃত EPA অনুমোদিত জীবাণুনাশক ক্লিনার ব্যবহার করে উপকরণটিকে জীবাণুমুক্ত করবে। অন্য শিক্ষার্থীকে সেটি পুনরায় ব্যবহারের অনুমতি দেওয়ার আগে ঐ কর্মী সদস্য ২৪-৪৮ ঘন্টার জন্য উপকরণটি আলাদা করে রাখবে। এর ফলে জীবানুনাশকের কোন চিহ্ন আর তাতে থাকবে না। শিক্ষার্থী এবং কর্মী সদস্য উভয়েরই অবিলম্বে হাত ধুয়ে ফেলা বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারের করা উচিত।

খাবার

স্কুলগুলি খাবার খাওয়ার সময়সূচী তৈরি করবে যাতে শিক্ষার্থীদের শ্রেণীকক্ষের বাইরে বা তাদের শ্রেণিকক্ষের ভিতরে বসে খাদ্য গ্রহণ করার অনুমতি দেবে।

অতিরিক্ত পদ্ধতিগুলি অনুসরণ করা হবে:

- শিক্ষার্থীরা স্কুল ভবনে প্রবেশের সাথে একটি "গ্র্যাব অ্যান্ড গো" ফর্ম্যাটে প্রাতঃরাশ পাওয়া যাবে এবং সেটি ক্লাসরুমে নিয়ে যাওয়া যেতে পারে।
- মধ্যাহ্নভোজনের জন্য, উপস্থিতি গ্রহণের প্রক্রিয়া চলাকালীন প্রচুর পরিমাণে খাবার অর্ডার করা হবে। প্রতিটি স্কুলের মধ্যে চিহ্নিত কর্মীদের সদস্যরা শ্রেণিকক্ষে মধ্যাহ্নভোজন পৌঁছে দেবেন।
- শিক্ষার্থীরা কমপক্ষে ৬ ফুট সামাজিক দূরত্ব বজায় রেখে বাইরে বা তাদের শ্রেণিকক্ষের ভিতরে খেতে পারবে। শিক্ষার্থীরা যখন খাওয়া শেষ করে তাদের সীটে বসে কাজ করার জন্য একটি নীরব ক্রিয়াকলাপ করতে দেওয়া হবে, যাতে তারা মাস্ক সম্পূর্ণ বা আংশিক ভাবে খুলে থাকা অবস্থায় অপর শিক্ষার্থীদের সঙ্গে কথাবার্তা না বলে, চিৎকার চেঁচামেচি না করে কিংবা এদিক-ওদিক ঘুরে না বেড়ায়।
- বিভ্রান্তি এড়াতে পান করার জলের ফোয়ারা বন্ধ করা হবে, তবে বিল্ডিংগুলিতে বোতল ফিলার রয়েছে এবং সেখানে কাপ সরবরাহ করা হবে। বোতল ফিলারগুলিতে ভিড় এড়াতে শিক্ষার্থীরা এবং কর্মীদের প্রতিদিন তাদের নিজস্ব বোতলে জল ভরে আনতে বলা হবে।

ড্র-অফ/ পিক-আপ

শিক্ষার্থীদের ড্রপ-অফ এবং পিক-আপ সম্পর্কিত তথ্যের জন্য, দয়া করে স্কুলের নির্ধারিত পদ্ধতিগুলি দেখুন।

পরিবহন

- বাসের চালক এবং শিক্ষার্থী- উভয়ের সুরক্ষার জন্য, শিক্ষার্থীদের বাসে চড়ার সময় মাস্ক বা মুখের আচ্ছাদন পরে থাকাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংবেদনশীলতা বা অন্য যেকোনো কারণবশতঃ মাস্ক পরা অসম্ভব হলে একটি ভাইরাস শিল্ড বা ধার বরাবর শিল্ড বসানো একটি টুপি ছাত্রছাত্রীদের পক্ষে আরো বেশি স্বাচ্ছন্দ্যের হতে পারে।
- ১. বাসটি যখন কোনও স্টপে এসে পৌঁছবে, মনিটর বোর্ডিং তদারকির জন্য বাস থেকে নামবে।
- ২. প্রত্যেক শিক্ষার্থী যে মাস্ক পরেছে তা নিশ্চিত করার পরে (প্রয়োজনে ব্যাক-আপ মাস্ক সরবরাহ করা), গাড়িতে ওঠার সঙ্গে সঙ্গে মনিটর শিক্ষার্থীদের হাতে হ্যান্ড স্যানিটাইজার স্প্রে করবে। ৩. স্ট্যান্ডার্ড-আকারের বাসগুলিতে, নির্ধারিত প্যাটার্নে এক একটি সীটে এক একজন করে শিক্ষার্থীর বসার কথা মনে করিয়ে দেওয়ার লক্ষ্যে সীটগুলিতে টেপ লাগিয়ে রাখা হবেত।

  ৪. বাসে ওঠার সময় শিক্ষার্থীদের অবশ্যই বাসের পিছনের দিকে চলে যেতে হবে এবং সবচেয়ে শেষে যে সীটটি খালি থাকতে তাতেই বসতে হবে। স্কুলে বা বাড়িতে পৌঁছাবার সময়, শিক্ষার্থীদের বাসে ওঠার পালা না আসা পর্যন্ত তাদের সীটে বসে থাকার নির্দেশ দেওয়া হবে।
- **যদি আপনার মনে হয় যে আপনার শিশু এই প্রয়োজনীয়তাটি পূরণ করতে অক্ষম হতে পারে আর তাই আমাদের পরিবহণ সরবরাহকারীরা চালকদের যতটা সম্ভব নিরাপদ রাখার পরিকল্পনা করতে পারে তাহলে দয়া করে ছাত্র পরিষেবা কার্যালয়ের সাথে কথা বলুন।** চালকরা শিক্ষার্থীদের মাস্ক ছাড়াই ভ্যান বা বাসে উঠতে অনুমতি ***দেবেন,*** তবে সমস্যাটির আগাম নোটিশ দিয়ে তাদের নিরাপত্তার প্রতি সম্মান জানানো জরুরী যাতে তাদের মধ্যে সর্বাধিক শারীরিক দূরত্ব স্থাপন করা যায়।
- IEP সহ কোনও শিক্ষার্থীর কেয়ারগিভাররা যদি তাদের ছাত্রছাত্রীদের স্কুলে (কেমব্রিজে বা ডিস্ট্রিক্ট-বহির্ভূত স্থানে) নিয়ে যেতে পছন্দ করেন তবে তাদের মাইলেজ পরিশোধ করা হবে।

আপনার যদি অন্য কোনও প্রশ্ন বা উদ্বেগ থেকে থাকে তবে আপনার সন্তানের কেস ম্যানেজার বা বিল্ডিং অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

অংশীদারিত্বে,

শিক্ষার্থী পরিষেবাদির কার্যালয়